গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
প্রকল্প পরিচালকের কার্যালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
(www.lmap.minland.gov.bd)

স্মারক নং: ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১- ৫০৪

তারিখ : ৭ চৈত্র ১৪৩০ / ২১ মার্চ ২০২৪

প্রেরক : জিয়াউদ্দীন আহমেদ এনডিসি
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি মন্ত্রণালয়।

প্রাপক : চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।

**বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে রাজশাহী বিভাগের পাবনা জেলার রেজিস্টার-২ (হোল্ডিং) ও পুরাতন নামজারি খতিয়ানের ডাটা এন্ট্রি কাজ সম্পাদনের মজুরী/পারিশ্রমিক ব্যয় নির্বাহের জন্য অর্থ মঞ্জুরী**

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা, স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.৩৩.০৩৪.২৩-৮০, তারিখঃ ১৭/০১/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ হতে রাজশাহী বিভাগের পাবনা জেলার রেজিস্টার-২ (হোল্ডিং) ও পুরাতন নামজারি খতিয়ানের ডাটা এন্ট্রি কাজ সম্পাদনের মজুরী/ পারিশ্রমিক ব্যয় নির্বাহের জন্য জেলা প্রশাসকগণের চাহিদা অনুযায়ী সংশ্লিষ্ট জেলার জেলাভিত্তিক বরাদ্দ নির্ধারণ করা হলো।

| ক্রম | জেলার নাম | ২০২৩-২৪ অর্থবছরের সফটওয়্যার ও ডাটাবেজ মেইনটেনেন্স ‘কোড-৩২৫৮১৪৩’ হতে প্রদত্ত বরাদ্দ |
|---|---|---|
| ১ | পাবনা | ২৫,০০,০০০/- |

পূর্ববর্তী বরাদ্দের বিবরণ:

| ক্রম | জেলার নাম | জিও অনুসারে ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে রেজিস্টার-২ (হোল্ডিং) ও পুরাতন নামজারি খতিয়ান ডাটা এন্ট্রি মোট বরাদ্দ | iBas++ সিস্টেমে হতে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত রেজিস্টার-২ (হোল্ডিং) ও পুরাতন নামজারি ডাটা খতিয়ান ডাটা এন্ট্রির জন্য উত্তোলন | সরকারী কোষাগার থেকে অনুত্তোলিত অর্থের পরিমান |
|---|---|---|---|---|
| ১ | পাবনা | ৩,২৩,৯০,২২০/- | ২,৪৫,৭২,৭৬৫/- | ৭৮,১৭,৪৫৫/- |

০২। বর্ণিত অবস্থায় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ভূমি মন্ত্রণালয়ের ২১/১২/২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১২০ নম্বর স্মারকের প্রজ্ঞাপন মতে ডাটা এন্ট্রির মজুরী/পারিশ্রমিক পুনঃনির্ধারিত হার অনুযায়ী জেলা প্রশাসক, পাবনা এঁর অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মোট =২৫,০০,০০০/-(পঁচিশ লক্ষ) টাকা বরাদ্দের আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

## শর্তসমূহঃ

(১) উপজেলা/মেট্রো রাজস্ব সার্কেল পর্যায়ে রেজিস্টার-২ হোল্ডিং ও পুরাতন নামজারী (সর্বশেষ চলমান) খতিয়ানের ডাটা এন্ট্রি মজুরী/পারিশ্রমিক বিল পরিশোধের জন্য এ অর্থ ছাড় করা হলো। এ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং সকল প্রকার বিধি-বহির্ভূত অর্থ উত্তোলন/খরচের জন্য দায়ী থাকবেন। বরাদ্দকৃত অর্থ জেলা প্রশাসকগণ তাঁর আওতাধীন উপজেলা অনুকূলে বিল ভাউচারের মাধ্যমে প্রয়োজন মোতাবেক অর্থ ছাড় ও সমন্বয় করতে পারবেন।

(২) মৌজাভিত্তিক সর্বশেষ জরিপের খতিয়ানের ভিত্তিতে এবং ই-নামজারী পূর্ববর্তী সময়ের মধ্যকার ম্যানুয়াল পদ্ধতিতে প্রণীত নামজারী খতিয়ান সমূহের তথ্যই কেবল পুরাতন নামজারী হিসাবে বিবেচিত হবে এবং সে সকল নামজারীর তথ্য এন্ট্রি করতে হবে।

(৩) ডাটা এন্ট্রির বিল পরিশোধের জন্য প্রকৃত বিল-ভাউচার দাখিল করে শুধু মাত্র প্রয়োজন অনুযায়ী আইবাস++ হতে অর্থ উত্তোলন করতে হবে। উল্লেখ্য, বরাদ্দকৃত অর্থের হিসাব বিবরণী প্রতিবেদন না পাওয়া গেলে পরবর্তীতে এ খাতে কোন অর্থ ছাড় করা হবে না।

(৪) ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পে আবর্তক ব্যয় বরাদ্দ যা বাজেটের '৩২৫৮-মেরামত ও সংরক্ষণ' শিরোনামে ৩২৫৮১৪৩-'সফটওয়্যার ও ডাটাবেজ মেইনটেনেন্স' খাত হতে বহন করা হবে।

(৫) ডাটা এন্ট্রির জন্য প্রদত্ত সকল বিলের উপর ভ্যাট পরিপত্র (ভ্যাট সেবার নাম-তথ্য প্রযুক্তি নির্ভর সেবা, সেবা কোড এস ০৯৯.১০) অনুযায়ী ৫% হারে ভ্যাট কর্তন করতে হবে।

(৬) সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে প্রতিটি পূর্ণাঙ্গ ডাটা এন্ট্রি কাজে পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয় এর গত ২১/১২/২০২১খ্রি.তারিখের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৫৩.১৪.১৪৯.২০.১২০ নং স্মারক অনুসারে নিম্নের ছকে বর্ণিত হারে কাজের মজুরী/পারিশ্রমিক পরিশোধ করতে হবে।

| ক্র. | ডাটার ধরণ | ডাটা এন্ট্রি বাবদ ব্যয় (টাকা) | ডাটা যাচাই বাবদ ব্যয় (টাকা) | ডাটা সত্যায়ন বাবদ ব্যয় (টাকা) | ডাটা এন্ট্রি বাবদ মোট ব্যয় (টাকা) | ডাটা যাচাইকারী | ডাটা সত্যায়নকারী |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | মিউটেটেড খতিয়ান | ২৫/- | ৫/- | ৫/- | ৩৫/- | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নির্ধারিত কর্মচারী | সহকারী কমিশনার (ভূমি) |
| ২ | ২ নং রেজিস্টারের হোল্ডিং | ৩০/- (রেজিস্ট্রেশন বাবদ ১০/- এবং ডাটা এন্ট্রি বাবদ ২০/- (ইউডিসি/ কোন কম্পিউটার দোকান থেকে রেজিস্ট্রেশন করলে সংশ্লিষ্ট ইউডিসি। কম্পিউটার দোকান মালিক ১০/- করে পাবে) | - | ৫/- | ৩৫/- | ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা (ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা এর অনুপস্থিতিতে ইউনিয়ন ভূমি সহকারী | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদায়িত না থাকলে ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা) |

উল্লেখ্য, আদালতে মামলা চলমান/স্থগিত/বাতিলকৃত নামজারি কেসের কোন ডাটা এন্ট্রি করা যাবে না এবং বিলুপ্ত/স্থগিত/বাতিল হোল্ডিং এর কোন ডাটা এন্ট্রি করা যাবে না এবং আংশিক বা অসম্পূর্ণ ডাটা এন্ট্রির জন্য কোন বিল পরিশোধ করা যাবে না।

(৭) এ খাতে বরাদ্দকৃত অর্থ রেজি: ২ হোল্ডিং/ পুরাতন নামজারীর জন্য এন্ট্রি কাজের মজুরী/পারিশ্রমিক ব্যতীত অন্য কোন খাতে/ কাজে ব্যয় করা যাবে না এবং ৩০শে জুন ২০২৪ তারিখের মধ্যে ডাটা এন্ট্রি সমাপ্ত করতঃ উপজেলাওয়ারী ডাটা এন্ট্রির হিসাব, উত্তোলিত অর্থ ব্যয়ের হিসাব প্রদান করতে হবে। একই ডাটা এন্ট্রির জন্য দুই বার বিল পরিশোধ করা যাবে না। উত্তোলিত অব্যয়িত অর্থ বিধি মোতাবেক চালানের মাধ্যমে (অনলাইন) সরকারী কোষাগারে জমা/সমর্পণ করতে হবে। বরাদ্দকৃত অর্থ ব্যয় সংক্রান্ত যাবতীয় হিসাব বিবরণী বিধি মোতাবেক বিল ভাউচারসহ যাবতীয় কাগজপত্র নিরীক্ষা (Audit) এর জন্য তাঁর অফিসে সংরক্ষণ করবেন।

(৮) কোন উপজেলা/সার্কেল ভূমি অফিসের অনুকূলে ছাড়কৃত অর্থ অব্যয়িত থাকলে তা প্রয়োজন অনুযায়ী অন্য উপজেলায় সমন্বয় করতে হবে। প্রতি ক্ষেত্রে আলাদাভাবে হিসাব সংরক্ষণ আবশ্যক হবে।

(৯) এ বিষয়ে ডাটা এন্ট্রির হার নির্ধারণ সংক্রান্ত পরিপত্র এবং এ আর্থিক মঞ্জুরী আদেশ ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ওয়েবসাইট www.lmap.minland.gov.bd ও ভূমি মন্ত্রণালয়ের www.minland.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(১০) ডাটা এন্ট্রির ব্যয়িত, অব্যয়িত ও উত্তোলিত অর্থের হিসাবসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন পূর্ব নির্ধারিত ছকে ৩০শে জুন ২০২৪ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে:-

(ক) প্রকল্প পরিচালক, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, ১২ তম ফ্লোর, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮, ই-মেইল: pdlandautomation@gmail.com

(খ) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

(গ) চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা-১২০৮;

(১১) রেজি:২ এর ক্ষেত্রে সকল এন্ট্রিকৃত ডাটার টাকা ULAO কর্তৃক অনুমোদিত সংখ্যার ভিত্তিতে ও পুরাতন নামজারীর এন্ট্রিকৃত ডাটার ক্ষেত্রে প্রকাশিত (Published) সংখ্যার ভিত্তিতে অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। উল্লেখ্য ULAO কর্তৃক অনুমোদনবিহীন এবং প্রকাশিত (Published) নয় এমন এন্ট্রিকৃত ডাটার জন্য কোন অর্থ বরাদ্দ/বিল দেয়া যাবে না।

(১২) কোন অবস্থাতেই এই জিও থেকে রেকর্ডরুমের ডাটা এন্ট্রির জন্য টাকা ব্যয়/উত্তোলন/প্রদান করা যাবে না।

০৩। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৬/০৮/২০১৫ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০১৩.২০২১০-২০১০-৫৭৪; নম্বর পরিপত্র অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের আর্থিক ক্ষমতা বলে এ মঞ্জুরী আদেশ জারী করা হলো।

০৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, তাকে পাবনা জেলার অনুকূলে এই মঞ্জুরীপত্র অগ্রায়ণ/এনডোর্স করার জন্য অনুরোধ করা হলো।

২১/৩/২৪

জিয়াউদ্দীন আহমেদ এনডিসি
অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২২২৩-৩১৪৬১৯ (অফিস)
pdlandautomation@gmail.com

**অনুলিপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দীন আহমদ সরণী, তেজগাঁও, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সেল প্রধান, যুগ্মসচিব, ডিকেএমপি অনুবিভাগ, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। জেলা প্রশাসক, পাবনা
৭। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়/প্রোগ্রামার, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প, তাঁকে সরকারি মঞ্জুরী পত্রটি মন্ত্রণালয়/ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ওয়েবসাইটে আপলোড এবং জেলা প্রশাসকের ই-মেইলে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো
৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পাবনা
১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
১১। অফিস কপি/মাস্টার ফাইল।